অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/30/2021 **গভর্নর ক্যাথি হোকল**

হোয়াইট প্লেইনস মেট্রো-নর্থ স্টেশন নবায়নের কাজ সম্পন্ন হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

95 মিলিয়ন ডলারের প্রকল্পটি বাজেটের মধ্যে সম্পন্ন হয়েছে এবং বর্ধিত অ্যাক্সেসযোগ্যতা ও নিরাপত্তা আপগ্রেডের জন্য স্টেশনের সংস্কার কাজ এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে

সর্বাধুনিক উন্নয়নকে কাজে লাগিয়ে ওয়েটিং রুমকে রূপান্তর করা হয়েছে

ছবি পাওয়া যাবে এখানে; আজকের MTA সংবাদ সম্মেলনের ভিডিও পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোকল আজ ডাউনটাউন হোয়াইট প্লেইনসে MTA মেট্রো-নর্থ রেলপথের স্টেশনের 95 মিলিয়ন ডলারের পূর্ণ-মাত্রার নবায়নের কাজ সম্পন্ন হয়েছে বলে ঘোষণা করেছেন, যা স্টেশনটিকে একটি সর্বাধুনিক সুবিধাসম্পন্ন কমপ্লেক্সে পরিণত করেছে। যাতায়াতকারীদের জন্য অধিকতর গ্রাহক-বান্ধব পরিবেশ তৈরি করার জন্য মেট্রো-নর্থ স্টেশন উন্নয়ন উদ্যোগের অংশ হিসেবে 2018 সালে এই সংস্কারকাজ শুরু হয়েছিল।

স্টেশনের আগাগোড়া রূপান্তরের মধ্যে স্টেশন প্লাজায় স্টেশনের প্রধান প্রবেশপথ, প্রধান সড়কের প্রবেশপথ, হ্যামিল্টন এভিনিউ এর প্রবেশপথ, এবং মট স্ট্রিট টানেলের সংস্কারকাজ অন্তর্ভুক্ত ছিল। স্টেশনে জন্য একটি হালনাগাদ, আধুনিক নান্দনিকতা নিয়ে আসার জন্য স্টেশনটির পুনরায় নকশা করা হয়েছে, যার মধ্যে সাইন আপডেট করা, কাচ দিয়ে ঘেরা প্রবেশপথ, কাঠের সফিট, একটি প্রশস্ত প্রধান লবি, উন্নত আলোর ব্যবস্থা ও আপগ্রেডকৃত HVAC সিস্টেম অন্তর্ভুক্ত রয়েছে। আরো বেশি সংখ্যক যাতায়াতকারী সিস্টেমে ফিরে আসায় ধারণক্ষমতা বৃদ্ধির জন্য পার্শ্বস্থ ও আইল্যান্ড প্লাটফর্মগুলো সম্প্রসারণ করা হয়েছে।

"21 শতকের চাহিদা পূরণে আমাদের পরিবহন হাবগুলোকে আপগ্রেড করা আজ আমাদের প্রয়োজনীয় অর্থনৈতিক পুনরুদ্ধারের চালিকা শক্তি হিসেবে কাছ করছে এবং এটি ভবিষ্যতে নিউ ইয়র্কের অর্থনীতিকে প্রতিযোগিতামূলক থাকতে সাহায্য করবে," **বলেছেন গভর্নর হোকল।** "হোয়াইট প্লেইনসের সংস্কারকৃত স্টেশন এই অঙ্গীকারের একটি উৎকৃষ্ট উদাহরণ এবং এসব সম্প্রসারণ কাজ এখন সম্পন্ন হয়ে যাওয়ায়, যাতায়াতকারী ও ভ্রমণকারীরা আরো বেশি নিরাপদ, বিশ্ব-মানের ভ্রমণ অভিজ্ঞতায় অ্যাক্সেস পাবেন।"

"লোকজনের কর্মস্থলে ফিরে আসা অব্যাহত থাকার এই সময়ে গণপরিবহন আমাদের অর্থনীতির মেরুদণ্ড হিসেবে ভূমিকা রাখবে, এবং আমাদের অবকাঠামোগুলোকে শক্তিশালী করার জন্য বৃহৎ-পরিসরের প্রকল্পগুলো নিউ ইয়র্কবাসীদের রেলপথে ফিরে আসতে সাহায্য করবে," **বলেছেন লেফটেনেন্ট গভর্নর ব্রায়ান বেঞ্জামিন**। "মেট্রো-নর্থ ওয়েস্টচেস্টার কাউন্টির বাসিন্দাদের নিউ ইয়র্ক সিটিতে যাওয়ার একটি গুরুত্বপূর্ণ সংযোগ, যেকারণে হোয়াইট প্লেইনসের মতো গুরুত্বপূর্ণ কমিউটার রেল হাবগুলো আপগ্রেড করাটা আমাদেরকে অর্থনৈতিক পুনরুদ্ধারের গতি বহাল রাখার সুযোগ করে দিবে।"

MTA-এর ভারপ্রাপ্ত সভাপতি ও CEO, জ্যানো লিয়েবের বলেন, "যাত্রী সংখ্যা বাড়ানো ও বজায় রাখার উপায় হলো গ্রাহকদেরকে ট্রেনে চড়ার বাইরেও অন্যান্য সেবা দেয়ার জন্য স্টেশনগুলোকে রূপান্তর করা। হোয়াইট প্লেইনস হলো তৃতীয় বৃহত্তম মেট্রো-নর্থ স্টেশন যা মহামারী-পূর্ব সময়ে সপ্তাহের কর্মদিবসগুলোতে গড়ে কয়েক হাজার যাত্রীকে সেবা প্রদান করেছে। এই প্রকল্প গ্রাহকদের জন্য চলার পথের সময়টুকু কাজে লাগানোর সক্ষমতা দেয় এমন সুযোগ-সুবিধা প্রদান করার মাধ্যমে ওয়েস্টচেস্টার কাউন্টির নাগরিক ও ব্যবসা কেন্দ্রের জন্য উপযুক্ত একটি সর্বাধুনিক সুবিধাসম্পন্ন কমপ্লেক্স প্রদান করছে, যা তাদেরকে গণপরিবহন ব্যবহারে ফিরে আসার জন্য আরো বেশি প্রণোদনা যোগাচ্ছে।"

মেট্রো-নর্থ রেলপথের প্রেসিডেন্ট, ক্যাথেরিন রিনাল্ডি, বলেন, "হোয়াইট প্লেইনস নবায়ন প্রকল্পটি আমাদের গ্রাহকদের জন্য সিস্টেমের মধ্যে সম্ভাব্য সেরা অভিজ্ঞতা প্রদান করা, আমাদের অবকাঠামোর উন্নয়ন করা এবং অ্যাক্সেসযোগ্যতা বৃদ্ধি করা সহ *এগিয়ে চলা (Way Ahead)* কর্মসূচির সবগুলো উদ্দেশ্যকে ধারণ করেছে। হোয়াইট প্লেইনস হলো সিটিতে গমনকারী গ্রাহকদের সেবা দেয়ার পাশাপাশি ফিরতি যাত্রার একটি প্রধান গন্তব্য। এই প্রকল্প এগিয়ে নেয়ার ক্ষেত্রে চমৎকার অংশীদারের ভূমিকা পালন করায় আমি হোয়াইট প্লেইনস সিটি ও ওয়েস্টচেস্টার কাউন্টিকে, এবং সেইসাথে প্রকল্পের পুরো টিমকে আসন্ন বছরগুলোতে মেট্রো-নর্থ ও আমাদের হোয়াইট প্লেইনসের গ্রাহকদের সেবা দিয়ে যাবে এমন একটি আধুনিক স্টেশন গড়ে তোলার সত্যিকারের অসাধারণ কাজটি সম্পন্ন করায় ধন্যবাদ জানাতে চাই।"

ক্রুরা একটি নতুন এলিভেটর স্থাপন করেছেন যা প্রতিবন্ধী আমেরিকানদের জন্য আইনের সাথে পুরোপুরি সঙ্গতিপূর্ণ। এলিভেটরটি প্রধান লবি থেকে সাধারণত উত্তর দিক থেকে এসে পৌঁছানোর জন্য ব্যবহৃত পার্শ্বস্থ প্লাটফর্মে নিয়ে যায়।

MTA-এর চিফ অ্যাক্সেসেবিলিটি অফিসার, কিউমুয়েল অ্যারোয়ো বলেন, "এই সংস্কার কাজের একটি কেন্দ্রীয় অগ্রাধিকার ছিল অ্যাক্সেসযোগ্যতা বৃদ্ধি করা। আমার মতো হুইলচেয়ার ব্যবহারকারী, চলাচলে অক্ষম প্রবীণ ব্যক্তি, স্ট্রলারে করে শিশুদের সাথে নিয়ে চলাচলকারী বাবা-মা এবং আরো অনেকের জন্য বিভিন্ন জায়গায় চলাফেরা করা কঠিন হতে পারে, কিন্তু হোয়াইট প্লেইনসে সেটা হবে না। সিস্টেমজুড়ে অ্যাক্সেসযোগ্যতার জন্য সচেষ্ট হওয়ার এই সময়ে এটি সব MTA স্টেশনের জন্য একটি মডেল হিসেবে কাজ করবে।"

MTA বোর্ডের মেট্রো-নর্থ কমিটির সভাপতি, রোন্ডা হারম্যান বলেন, "হোয়াইট প্লেইনস স্টেশন হার্লেম লাইনের ও হোয়াইট প্লেইনস কমিউনিটির জন্য একটি অবিচ্ছেদ্য অংশ। পরিষেবা প্রদান করার দিক থেকে এবং গ্রাহকের অভিজ্ঞতার দিক থেকে, উভয় ক্ষেত্রে বিশ্ব মানের মানদণ্ড অনুসরণ করার মাধ্যমে সেই গুরুত্বের প্রতিফলন ঘটানো অত্যন্ত গুরুত্বপূর্ণ, যা এই প্রকল্পটি অর্জন করতে পেরেছে। আরো বেশি যাত্রীর ফিরে আসাকে স্বাগত জানানোর এই সময়ে, নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পটির কাজ সম্পন্ন করায় আমি মেট্রো-নর্থকে সাধুবাদ জানাই।"

এই প্রকল্পে ঝড়ো আবহাওয়ার সময়ে পিচ্ছিল হয়ে যাওয়া প্রতিরোধ করতে বরফ ও তুষার পড়লে সেগুলো স্বয়ংক্রিয়ভাবে গলিয়ে ফেলার ব্যবস্থাযুক্ত একটি নতুন সিঁড়ি নির্মাণ করা অন্তর্ভুক্ত ছিল। এছাড়াও ক্রুরা কাঠের সিলিং সহ নতুন প্লাটফর্ম ক্যানোপি, এবং প্রধান লবির আপগ্রেডকৃত সৌন্দর্যের সাথে মানানসই LED লাইটিং স্থাপন করেছে।

আইল্যান্ড প্লাটফর্মের ওয়েটিং রুমগুলোর নকশা পরিবর্তন করে জায়গা স্থান সম্প্রসারণ করা হয়েছে, নতুন ইন্টেরিয়র স্টেশন ওয়াল প্যানেল সহ কাঁচ দিয়ে ঘেরা জায়গা, কাঠের সিলিং ও ফিক্সচার স্থাপন করা হয়েছে। স্টেশনের নতুন ভাবের সাথে মানানসই করতে টিকেট অফিস, রেস্টরুম ও কনসেশন স্পেসও পুনরায় নকশা করা হয়েছে। উন্নত শীতাতপ নিয়ন্ত্রণের পাশাপাশি ডিজিটাল স্ক্রিনও স্থাপন করা হয়েছে যাতে যাত্রীরা স্বাচ্ছন্দ্যের সাথে তাদের ট্রেনের জন্য অপেক্ষা করতে পারেন।

চলার পথে কাজ সম্পন্ন করতে চাওয়া যাত্রীরাও স্টেশনজুড়ে নতুন যোগ হওয়া সুযোগ-সুবিধা, যেমন ওয়াই-ফাই ও সেলুলার সংযোগের ব্যবস্থা এবং বেঞ্চে USB চার্জারের ব্যবস্থা, ইত্যাদি দেখতে পাবেন। ট্রেনের তথ্য সহজে অ্যাক্সেস করার সুবিধা দিতে প্লাটফর্মগুলোতেও ডিজিটাল স্ক্রিন যোগ করা হয়েছে। স্টেশনের পরিবেশকে আরো বেশি গ্রাহকবান্ধব করার জন্য নতুন স্থাপন করা টিকেট ভেন্ডিং মেশিনগুলোর সাথে ডিজিটাল সাইন বসানো হয়েছে।

এছাড়াও সংস্কারকৃত স্টেশনটিতে শিল্পী বারবারা টাকেনাগার নিজস্ব স্টাইলের অ্যাবস্ট্রাক্ট ধরনের মোজাইক ও ল্যামিনেটেড কাঁচ দিয়ে তৈরি শিল্পকর্ম অন্তর্ভুক্ত রয়েছে।

MTA আর্টস এন্ড ডিজাইন (MTA আর্টস এন্ড ডিজাইন)-এর ডিরেক্টর, স্যান্ড্রা ব্লাডওর্থ বলেন, "বারবারা আমাদের নিত্যদিনের যাতায়াতের ছন্দে তার চোখ ধাঁধানো, ছন্দময় রূপকে নিয়ে এসেছেন, যা তার আঁকা অসীমের দিকে চলে যাওয়া রেখা সংলগ্ন পথে যাতায়াতের সময় আমাদেরকে উজ্জীবিত করে তোলে, যে রেখাগুলো দেখে মনে হয় সেগুলো যেন আমাদেরকে সামনের দিকে চালিত করছে। মেট্রো-নর্থের হোয়াইট প্লেইনস স্টেশনে স্থাপন করা ফোর্টে (কোয়ারোপাস) ও নীল রেইল (হোয়াইট প্লেইনস), যেগুলোর গাঢ় নীল ও প্রাণবন্ত রঙ আমাদের যাতায়াতের রুটিনকে একটি অপ্রত্যাশিত মহাজাগতিক ভ্রমণে পরিণত করার সম্ভাবনা তৈরি করে।"

হোয়াইট প্লেইনস স্টেশন হলো তৃতীয় বৃহত্তম মেট্রো-নর্থ স্টেশন যা মহামারী-পূর্ব সময়ে সপ্তাহের কর্মদিবসগুলোতে, শুধু স্ট্যামফোর্ড ও গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনালের মধ্যে 12,000 এরও

বেশি যাত্রীকে সেবা প্রদান করেছে। নিউ হ্যাভেন লাইনের স্ট্যামফোর্ড স্টেশনের মতোই হোয়াইট প্লেইনস স্টেশন হার্লেম লাইনে যাতায়াতকারীদের জন্য একটি হাব স্টেশন যা এক্সপ্রেস ও লোকাল সেবা প্রদান করে থাকে। লোকাল ও এক্সপ্রেস সংযোগের পাশপাশি স্টেশনটি বাস সংযোগেরও একটি হাব, যেখানে মহামারী-পূর্ব সময়ে প্রতিদিন প্রায় 3,000 বাস ট্রান্সফার প্রদান করেছে।

রিপ্রেজেন্টেটিভ মনডারি জোনস বলেন, "আমি রোমাঞ্চিত যে তিন বছর ধরে সংস্কারকাজ চলার পর, হোয়াইট প্লেইনস ট্রেন স্টেশনের কাজ অবশেষে সম্পন্ন হয়েছে। ওয়েস্টচেস্টারের ব্যস্ততম স্টেশন হিসেবে হোয়াইট প্লেইনস ট্রেন স্টেশন নিউ ইয়র্কের 17তম কংগ্রেশনাল ডিস্ট্রিক্টব্যাপী কয়েক হাজার ব্যক্তিকে সংযুক্ত করে থাকে। বর্ধিত ADA অ্যাক্সেসযোগ্যতা, আপগ্রেডকৃত সুযোগ-সুবিধা যেমন ওয়াই-ফাই ও USB চার্জার, এবং আরো অনেক কিছু নিয়ে এই নতুন স্টেশন বহু মানুষের যাতায়াত ও জীবনকে উন্নত করবে। এই সংস্কারকাজ ওয়েস্টচেস্টার কাউন্টিতে নিরাপদ ও নির্ভরযোগ্য পরিবহনের জন্য লড়াইয়ে একটি অতি প্রয়োজনীয় পদক্ষেপের প্রতিনিধিত্ব করে। আমাদের গণপরিবহনে বিনিয়োগ করা মানে আমাদের কমিউনিটিগুলোতে বিনিয়োগ করা, এবং আমাদের ডিস্ট্রিক্টের ও দেশের জনসাধারণ যাতে তাদের প্রাপ্য পরিবহন সুবিধা পায় তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ফেডারেল বিনিয়োগ পাওয়ার লড়াই চালিয়ে যেতে আমি দৃঢ় প্রতিজ্ঞ।"

সিনেটের সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "এই প্রকল্প সম্পন্ন হওয়া হোয়াইট প্লেইনস ও ওয়েস্টচেস্টার কাউন্টির জন্য একটি চমৎকার সংবাদ। আধুনিক গণপরিবহন সিটিগুলোর টিকে থাকার মূল চাবিকাঠি। এটি অধিবাসীদের জন্য একটি বিশাল সুবিধা এবং কর্পোরেট প্রতিষ্ঠানগুলোর জন্য একটি বৃহৎ সেলিং পয়েন্ট। সপ্তাহের প্রত্যেক কর্মদিবসে 12,000 এরও বেশি যাত্রী এই স্টেশনের উপর নির্ভর করে থাকেন, এবং এই অবকাঠামো প্রকল্প সম্পন্ন হওয়ার মধ্য দিয়ে তারা ইতোমধ্যে উন্নত যাতায়াতের অভিজ্ঞতা লাভ করছেন। স্টেশনের আপগ্রেডগুলো অ্যাক্সেসযোগ্যতা বৃদ্ধি করছে, নিরাপত্তা বৃদ্ধি করছে, এবং ওয়াই-ফাই অ্যাক্সেস উন্নত করছে। স্টেট সিনেটের সংখ্যাগরিষ্ঠ অংশ আমাদের স্টেটের অবকাঠামোকে অগ্রাধিকার দেয়া ও সেটিতে বিনিয়োগ করা অব্যাহত রেখেছে, এবং এই সর্বাধিক গুরুত্বপূর্ণ স্টেশনটি চমৎকারভাবে উন্নত করার কাজ সম্পন্ন করায় আমি MTA-কে ধন্যবাদ জানাই।"

সিনেটর শেলি বি. মায়ের বলেন, "হোয়াইট প্লেইনস ট্রেন স্টেশনের পুনরায় নকশা ও সংস্কার কাজ সম্পন্ন হওয়ার আমি অত্যন্ত আনন্দিত। এটি মেট্রো-নর্থ সিস্টেমের সর্বাধিক যাত্রী চলাচলকারী স্টেশনগুলোর একটি হিসেবে বিদ্যমান রয়েছে, এবং অর্থনীতির পুনর্গঠনের এই সময়ে এটির আধুনিকায়ন যাত্রীদেরকে এই সিস্টেমে ফিরিয়ে আনতে সাহায্য করবে।"

অ্যাসেম্বলি সদস্য অ্যামি পওলিন বলেন, "হোয়াইট প্লেইনস ট্রেন স্টেশনের সংস্কারকাজ সম্পন্ন হওয়াটা প্রত্যেক সপ্তাহে নিজেদের গন্তব্যে পৌঁছানোর জন্য মেট্রো-নর্থের উপর নির্ভর করা হাজারো অধিবাসীর জন্য একটি সুসংবাদ। সংস্কারকৃত স্টেশনটি বৃহত্তর অ্যাক্সেসযোগ্যতা নিশ্চিত করছে, গ্রাহকের অভিজ্ঞতা ও সেবা উন্নত করছে, এবং নিরাপত্তা বৃদ্ধি করছে। হোয়াইট প্লেইনস স্টেশন ওয়েস্টচেস্টারের ব্যস্ততম স্টেশন এবং আমাদের কাউন্টির বাসিন্দাদের ও

অর্থনীতির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমি হোয়াইট প্লেইনস সিটি ও আমাদের অঞ্চলে বসবাসকারী ও কর্মরত সবার জীবনকে উন্নত করা এই প্রকল্পটির মতো গণপরিবহন সংক্রান্ত প্রকল্পগুলোতে বিনিয়োগের পক্ষে সমর্থন দেয়া অব্যাহত রাখবো।"

অ্যাসেম্বলি সদস্য ক্রিস বারডিক বলেন, "মেট্রো-নর্থের হোয়াইট প্লেইনস স্টেশনের উল্লেখযোগ্য সংস্কারের কাজ সম্পন্ন হয়েছে জেনে আমি আনন্দিত। আমাদের মহামারী কাটিয়ে উঠার এই সময়ে, ব্যাপকভাবে ব্যবহৃত হওয়া এই স্টেশনের যাত্রীরা অপেক্ষাকৃত নিরাপদ, ADA কমপ্লায়েন্ট এবং ওয়াই-ফাই ও সেলুলার সংযোগ থেকে শুরু করে সম্প্রসারিত ওয়েটিং এরিয়া ও উন্নত ভেন্ডর স্পেস সহ চমৎকার সব সুযোগ-সুবিধা সম্পন্ন অধিকতর কর্মক্ষম পরিবেশকে সাদরে বরণ করে নিবে। একটি চমৎকার ফলাফল পৌঁছে দেয়ার জন্য এবং এটি শেষ পর্যন্ত সম্পন্ন করার ক্ষেত্রে তাদের উদ্দীপনার জন্য আমি MTA-কে ধন্যবাদ জানাতে চাই।"

ওয়েস্টচেস্টার কাউন্টির এক্সিকিউটিভ জর্জ ল্যাটিমার বলেন, "এই স্টেশন ওয়েস্টচেস্টারের যাত্রীদের জন্য একটি প্রধান হাব এবং মহামারী চলাকালীন সময়ে এই স্টেশনে সম্পন্ন করা কাজগুলো স্টেশনটির উপর প্রাত্যহিকভাবে নির্ভরশীল হাজারো ব্যক্তিকে ইতিবাচকভাবে প্রভাবিত করবে। যাতায়াত-বান্ধব জায়গাগুলোকে কেন্দ্র করে হওয়া উন্নয়ন কাজ আমাদের কোভিড-19 থেকে সেরে উঠার প্রক্রিয়ায় একটি বড় ধরনের আশীর্বাদের ভূমিকা রাখবে এবং এই গুরুদায়িত্ব পালনের জন্য আমি MTA-এর নেতৃত্বের প্রশংসা করি।"

হোয়াইট প্লেইনস-এর মেয়র টম রোচ বলেন, "মেট্রো-নর্থ সিস্টেমের অন্যতম ব্যস্ততম স্টেশন, হোয়াইট প্লেইনস স্টেশনের এই গুরুত্বপূর্ণ আপগ্রেড সম্পন্ন হওয়ায় মেট্রো-নর্থ ও প্রেসিডেন্ট ক্যাথেরিন রিনাল্ডিকে অভিনন্দন। এই স্টেশনের উচ্চ মাত্রার কর্মতৎপরতা বিবেচনায় আমি অনেক দিন ধরেই বিশ্বাস করে আসছি যে স্টেশনটি আপগ্রেড হওয়া প্রয়োজন। সিটি যখন স্টেশনের পার্শ্ববর্তী এলাকাগুলোর পুনঃউন্নয়নের কাজ শুরু করে তখন এই বিষয়টি আরো বেশি স্পষ্ট হয়ে ধরা পড়ে। মেট্রো-নর্থ কর্তৃক বিনিয়োগের ফলে সে কাজটি অব্যাহত থেকেছে এবং নিঃসন্দেহে আরো সম্প্রসারিত হবে। এটি হোয়াইট প্লেইনস স্টেশনের জন্য মেট্রো-নর্থ সিস্টেমে একটি হাব হিসেবে স্বীকৃতি এবং এই স্টেশন ও আমাদের সিটির অর্থনৈতিক সজীবতার আন্তঃসংযোগের স্বীকৃতি।"

প্রকল্পটি MTA-এর 2015-2019 ও 2020-2024 ক্যাপিটাল প্রোগ্রামের অর্থায়নকৃত মেট্রো-নর্থের স্টেশন উন্নয়ন উদ্যোগের (Metro-North's Station Improvement Initiative) অংশ, এবং গ্রাহকের অভিজ্ঞতা সমৃদ্ধ করার জন্য মেট্রো-নর্থের *এগিয়ে চলা (Way Ahead)* পরিকল্পনার সাথে সঙ্গতিপূর্ণ। এই স্টেশন উন্নয়ন উদ্যোগের উদ্দেশ্য হলো বিশ্বমানের মানদণ্ডগুলো নিয়ে আসার মাধ্যমে গ্রাহকের সামগ্রিক অভিজ্ঞতার রূপান্তর ও উন্নয়ন করা, যেখানে নতুন প্রযুক্তি ও নকশাগত উদ্ভাবনের সূচনা করার মাধ্যমে জনসাধারণের উপলব্ধি উন্নত করার উপর জোর দেয়া হয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন